সভা নং-৩১৪

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ০৯/১২/২০২১ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক .

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার সহ সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ মাসের সভার কার্যক্রম শুরু করেন। | নভেম্বর,২০২১ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়করন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানান। তিনি সভার জানান দিবসটি যথাযথ মর্যদায় পালনের জন্য দিন ব্যপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে, তিনি সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, মহান বিজয় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী জাতীর উদ্দেশে শপথ বাক্য পাঠ করাবেন বেলা ৩টায়। সকলকে উপজেলা পরিষদ মাঠে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা ভূমি অফিসের নতুন ভবন নির্মার্ণের জন্য ২০ শতাংশ জায়গা নির্ধারনের জন্য প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। তিনি উপজেলা ভূমি অফিস উপজেলা পরিষদ সীমানার অভ্যন্তরে নির্মাণের জন্য জায়গা নির্ধারনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>এ বিষয়ে সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, বিভাগীয় কমিশনার মহোদয় উপজেলা পরিষদে পরিদর্শনে এলে তাঁকে ভূমি অফিসের ভবন নির্মাণের বিষয়ে অবগত করলে তিনি উপজেলা ভূমি অফিস উপজেলা পরিষদ সীমানার মধ্যে নির্মানের পরামর্শ দিয়েছেন। জনগনের সেবা সহজীকরনের জন্য পূর্বে যেখানে ভূমি অফিস ছিলো সেখানেই অফিস ভবন নির্মাণের প্রয়োজন।<br>সভাপতি মহোদয় আরো বলেন, উপজেলা পরিষদের নামে অধিগ্রহণকৃত হেতালবুনিয়া মৌজায় জমি-১৪.৩২ একর। চলমান আর,এস জরিপে সহ: সেটেলমেন্ট কর্মকর্তা পরিষদের নামে ১৩.৬৩ একর জমি রেকর্ড করে দিয়েছেন। বাকি জমি ব্যক্তি মালিকানায় অনৈতিক সুবিধা নিয়ে রেকর্ড করে দিয়েছেন মর্মে জনশ্রুতি আছে। রেকর্ড সংশোধনের জন্য তাকে তাগিত দিলে তিনি বারবার আশ্বাস দিয়ে চলেছেন। কিন্তু অধ্যাবধি তিনি সরকারি সম্পত্তি বুঝিয়ে দেন নাই। অধিগ্রহনকৃত মোট-১৪.৩৩ একর জমি পরিষদের নামে রেকর্ড করিয়ে না দিলে তার বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর জন্য তিনি মতামত ব্যক্ত করেন। | মহান বিজয় দিবস,২০২১ যথাযথ ভাবে পালনে সকলকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় আলোচনাঅন্তে উপজেলা ভূমি অফিস পূর্বে যেখানে ছিলো সেখানে নির্মাণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের নামে অধিগ্রহনকৃত মোট-১৪.৩৩ একর জমি রেকর্ড করিয়ে না দিলে সেটেলমেন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সার্ভেয়ারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। টিকা দেওয়ার কার্যক্রম সুন্দরভাবে চলছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, কৃষকদের জন্য শীতকালীন বীজ,সার ও কীটনাশক প্রনেদনা পাওয়া গিয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট প্রকৃত কৃষকদের তালিকা চাওয়া হয়ে। তালিকা পাওয়া গেলে দ্রুত বিতরন করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। বিগত অক্টোবর/২০২১খ্রিঃ মাসের(৮২.৯৯%) তুলনায় নভেম্বর/২০২১খ্রিঃ মাসে(৮৩.০৩%) সেবা গ্রহীতার হার বৃদ্ধি পেয়েছে। এ অগ্রগতির হার প্রজেকশন অনুযায়ী সন্তোষজনক। পরিবার পরিকল্পনা বিভাগের কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের দ্বারা বিগত নভেম্বর/২০২১ খ্রিঃ মাসে ৪১০টি গর্ভকালীন সেবা, ১২৩টি প্রসব পরবর্তী সেবা, ৬৮৯টি শিশু স্বাস্থ্য সেবা ও ২১৪৬টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। তাছাড়া নভেম্বর/২১খ্রিঃ মাসে গঙ্গারামপুর ইউনিয়নে ০-২৮ দিন বয়সী ০১টি শিশু অপুষ্টি জনিত কারণে মৃত্যু হয়েছে এবং ভান্ডারকোট ইউনিয়নে ০৭ মাসের গর্ভবতী থাকা অবস্থায় হঠাৎ করে উচ্চ রক্তচাপ হওয়ার কারণে হাসপাতালে নেওয়ার পথে ১ জন গর্ভবতী মায়ের মৃত্যু হয়েছে। সভায় আরও জানানো হয় যে, আগামী ১৮-২৩ ডিসেম্বর, ২০২১খ্রিঃ পর্যন্ত দেশব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ অনুষ্ঠিত হবে। উক্ত সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য বিষয় **“পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণ করি, বাল্য-বিয়ে ও অনাকাঙ্খিত গর্ভধারণ রোধ করি”**। বর্ণিত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফল বাস্তবায়নের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কতৃক প্রেরিত পত্রানুযায়ী কর্ম পরিকল্পনা প্রনয়ণ সহ মাঠ পর্যায়ে সার্বিক কার্যক্রম পরিচালনা করা হবে। সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে নভেম্বর/২০২১ মাসে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প জলমা ইউনিয়নে ১২/১২/২০২১খ্রিঃ তারিখ, আমিরপুর ইউনিয়নে ১৪/১২/২০২১খ্রিঃ তারিখ, গঙ্গারামপুর ইউনিয়নে ১৯/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ...য়ের উপজেলা ...্য বিভাগ | উপজেলা সহঃ মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | ...জেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানান। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, মহান বিজয় দিবসে ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীরা কুচকাওয়াজে অংশগ্রহণ করবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। মহান বিজয় দিবসে মাধ্যমিক পর্যায়ে ৫০০শত শিক্ষার্থীরা কুচকাওয়াজে অংশগ্রহণ করবে। বিকালে মাননীয় প্রধানমন্ত্রী শপথ বাক্য পাঠ করাবেন তখন আরো বেশি শিক্ষার্থী উপজেলা পরিষদ মাঠে এসে শপথ বাক্য পাঠ করবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সহঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন বয়স্কভাতা শতভাগ ডাটা এন্ট্রি ও যাচাই-বাছাই হয়েছে এখন ব্যাংক হিসাব খোলা হবে। বিধাব ভাতা ৬০%। দুটি ইউনিয়নের তালিকা পাওয়া যায়নি। তিনি তালিকা দেওয়ার জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ইউনিয়ন পরিষদে গিয়ে পুরাতন মাতৃত্ব ভাতাভোগীদের ভাতা প্রদান করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>ক। তিনি বলেন, ২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন ও এডিবি তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (৪র্থ পর্যায়) ২০১৯-২০ অর্থবছরে (১) হোগলবুনিয়া হাটবাটি মাধ্যমিক বিদ্যালয়ের উর্দ্ধমুখি শ্রেণিকক্ষ নির্মাণ কাজের জন্য অনুমোদন পাওয়া যায়। সংশ্লিষ্ট বিদ্যালয় হতে গত ২০/১১/২০২১ খ্রি. তারিখে স্কুল পরিচালনা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক অনুমোদনপ্রাপ্ত ফ্যাসিলিটিজ ভবনের দ্বিতীয় তলায় উর্দ্ধমুখি নতুন কক্ষ নির্মাণ অপেক্ষা তৎপরিবর্তে বিজ্ঞান ল্যাবঃরুমের কাজ সম্পন্ন করার পর বাকি অর্থ দিয়ে বিদ্যালয়ের ভবন সংস্কার কাজ করা অধিক জরুরী। তিনি বিষয়টি সভায় উপস্থাপন | সভায় আলোচনা অন্তে কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br><br>সভায় আলোচনাঅন্তে ফ্যাসিলিটিজ ভবনের দ্বিতীয় তলায় উর্দ্ধমুখি কক্ষ সম্প্রসারণ কাজের পরিবর্তে বিজ্ঞান ল্যাবঃরুমের কাজ সম্পন্ন করার পর বাকি অর্থ দিয়ে বিদ্যালয়ের ভবন সংস্কার করার সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয় এবং সিদ্ধান্তটি প্রকল্প পরিচালক করাবর অনুমদোনের নিমিত্তে | উপজেলা নির্বাহী অফিসার। উপজেলা প্রকৌশলী। সভাপতি, প্রকল্প কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | করেন এবং সে আলোকে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভাকে অনুরোধ করেন। | প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়। | |
| | তিনি আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় সুরখালী ইউনিয়নের বার-আড়িয়া মাধ্যমিক বিদ্যালয়,সুখদাড়া মাধ্যমিক বিদ্যালয়,জাইআ দাখিল মাদ্রাসা,গঙ্গারামপুর ইউনিয়নের ডেউয়াতলা মাধ্যমিক বিদ্যালয় এবং আমিরপুর ইউনিয়নের খারাবাদ মহিলা মাদ্রাসায় স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্ণার (ইনক্লুডিং অটিজম ষ্টুডেন্টস্) স্থাপন (ই-টেন্ডার আইডি-৫০৫০০৫) (প্যাকেজ কোড নং-INF-২০১৮-১৯-৪০৪৭১২-০১) কাজ সরেজমিনে বাস্তবায়নকালে পরিলক্ষিত হয় যে, বর্তমান বাস্তবতায় প্যাকেজভূক্ত সুরখালী ইউনিয়নের বার-আড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে ও গঙ্গারামপুর ইউনিয়নের ডেউয়াতলা মাধ্যমিক বিদ্যালয়ে স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্ণার (ইনক্লুডিং অটিজম ষ্টুডেন্টস্) স্থাপন জরুরী নয় তথা আপাততঃ প্রয়োজনই নেই । তদস্থলে বর্তমান বাস্তবতায় যথাক্রমে জলমা ইউনিয়নের ঝড়ভাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ে ও বালিয়াডাঙ্গা ইউনিয়নের ফুলবাড়ি সিনিয়র মাদ্রাসায় স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্ণার (ইনক্লুডিং অটিজম ষ্টুডেন্টস্) স্থাপন খুবই জরুরী তথা সময়োপযোগী। অতঃপর তিনি এতদবিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় প্রস্তাব রাখেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্যাকেজভূক্ত সুরখালী ইউনিয়নের বার-আড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিবর্তে জলমা ইউনিয়নের ঝড়ভাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ে এবং গঙ্গারামপুর ইউনিয়নের ডেউয়াতলা মাধ্যমিক বিদ্যালয়ের পরিবর্তে বালিয়াডাঙ্গা ইউনিয়নের ফুলবাড়ি সিনিয়র মাদ্রাসায় স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্ণার (ইনক্লুডিং অটিজম ষ্টুডেন্টস্) স্থাপন কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো । উপজেলা প্রকৌশলী এতদসংক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | তিনি আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বটিয়াঘাটা পরিষদের গৃহিত গঙ্গারামপুর ইউনিয়নের বৃত্তি খলসিবুনিয়া ওয়াপদা হতে দুলালের বাড়ি অভিমুখী আরসিসি রাস্তা নির্মাণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২৪) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.015) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় অত্র কাজের অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান। | সিদ্ধান্ত ঃ বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | তিনি আরো বলেন, উপজেলা পরিষদের সভা কক্ষের অতিথিদের প্রবেশের জন্য একটি দরজা রাখার জন্য প্রাক্কলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ১,২১,৩২৪/-টাকার একটি প্রাক্কলন করা হয়েছে। তিনি কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মেরামত ও রক্ষনাবেক্ষন খাত হতে অর্থ | সভায় আলোচনাঅন্তে উপজেলা পরিষদের সভা কক্ষে অতিথিদের প্রবেশের দরজা স্থাপনের জন্য | |

| | | | |
|---|---|---|---|
| | বরাদ্দসহ একটি বাস্তবায়ন কমিটি করার জন্য সভাকে অনুরোধ করেন।<br><br>খ উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলার বিএলজে মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও বারান্দা সংকার কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। কাজের প্রাক্কলিত ব্যয় (ভ্যাট আয়কর সহ) ১১,১২,০৫৮/- টাকা। চুক্তি মূল্য-১০,৩০,৫০০/-(সংশোধিত চুক্তি মূল্য-১০,০১,৬৩২.৯৭) টাকা। এবং সম্পাদিত কাজের মূল্য-১০,০১,৬৩২.৯৭/-টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট বিল-৮,৭৬,৪২৭(আটলক্ষ ছিয়াত্তর হাজার চারশত সাতাশ) টাকা উক্ত কাজের ১ম ও চুড়ান্ত বিলের অর্থ প্রাপ্তির জন্য বিল প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী বটিয়াঘাটা উপজেলার ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউ.জি.ডি.পি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন বাবদ নির্ধারিত বরাদ্দ ১০,০০০,০০/-টাকার বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত ৬টি উপ-প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত ৬টি প্রশিক্ষন বিষয়ক উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।<br>তিনি আরো বলেন, গল্লামারী টু নলীয়ান এবং বটিযাঘাটা টু দাকোপ,পাইকগাছা,কয়রা রাস্তায় রোডস্ এন্ড হাইওয়ের তথ্য মোতাবেক গাড়ীর ভার ক্ষমতা ১০টন। কিন্তু উক্ত রাস্তায় হেবি লোডের গাড়ি চলাচল করে বিশেষ করে জি গ্যাসসহ অনান্য গ্যাস কোম্পানী ও বিভিন্ন ফ্যাক্টারীর ১০,১২,১৪,১৬ চাকার গাড়ীগুলি ৪০-৫০টনের অধিক ধারন ক্ষমতা সম্পন্ন মালামাল নিয়ে নিরমিত চলাচল করে। যার ফলে চলাচলের একমাত্র রাস্তাটি বিভিন্ন জায়গায় বড় গর্তের সৃষ্টি হয়েছে ফলে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। হেবি লোডের গাড়ীগুলি চলার ফলে রাস্তার দুইপাশের বাড়িঘরগুলি কম্পনের সৃষ্টি হয় ও বটিয়াঘাটা ব্রীজের উপর দিয়ে গাড়ী যাওয়ার সময় কম্পনের সৃষ্টি হয়। ব্রীজটি ক্ষতিগ্রস্ত হয়ে গেলে গল্লামারী টু নলীয়ান এবং বটিযাঘাটা টু দাকোপ,পাইকগাছা,কয়রার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। তিনি হেবি লোডের গাড়িগুলি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মেরামত ও রক্ষনাবেক্ষন ও মেরামত খাত হতে ১,২১,৩২৪/- টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি করা হয়।<br><br>২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলার বিএলজেমাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও বারান্দা সংস্কার কাজের নীট টাকা-৮,৭৬,৪২৭/-। সভায় আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বরাবর টাকা অনুমোদনের জন্য প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউ.জি.ডি.পি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন বাবদ নির্ধারিত বরাদ্দ ১০,০০০,০০/- টাকা। উক্ত ৬টি প্রশিক্ষন বিষয়ক উপ-প্রকল্প সমূহ অনুমোদনের জন্য পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তালিকা-পরিশিষ্ট-ঘ।<br><br>গল্লামারী টু নলীয়ান এবং বটিযাঘাটা টু দাকোপ রোডে হেবি লোডের গাড়িগুলি | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সহ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান, ১নং ইউপি বলেন, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নে জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা হচ্ছিলো বর্তমানে অনেকটা স্বাভাবিক হয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং ইউপি বলেন তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | ৫নং ভান্ডারকোট ইউ.পি চেয়ারম্যানের সভায় জানান যে, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | প্যানেল চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | বিউটি মন্ডল,সংরক্ষি | বিউটি মন্ডল, সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে | সংরক্ষিত |

| | | | | |
|---|---|---|---|---|
| | সদস্য | | ধন্যবাদ জানানো হয়। | সদস: |
| ২৭ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর,২১ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৬৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৭০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং ডিসেম্বর, ২১ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের ন্যস্তকৃত ১৭টি দপ্তরের ১৭টি কমিটি রয়েছে। প্রতি দুই বছর ছয় মাস পর পর উক্ত কমিটি সমূহ পুণগঠন করতে হবে। তিনি কমিটিসমূহ পূণ:গঠনের জন্য সভাকে অনুরোধ করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়।<br>সভায় বিস্তারিত আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে ১৭টি কমিটি পূণঃগঠন করা হয়। কমিটিসমূহ পরিশিষ্ঠ-গ। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| ২৯ | সভাপতি | সভার সভাপতি মহোদয় বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে স্বাস্থবিধি মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। বাইরে গেলে অবশ্যই প্রত্যেকে মাস্ক ব্যবহার করার জন্য তিনি পরামর্শ দেন। তিনি মহান বিজয় দিবস,২০২১ যথাযথ ভাবে পালনের জন্য সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সকল সদস্য |
| ৩০ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

০৯/১২/২১

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ৮২৭ তারিখ ঃ ০৭/১২/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, খুলনা ।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা ।
৬। উপজেলা.....................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৭। চেয়ারম্যান,............................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

(মোঃ মমিনুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা ।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব শেখ মোঃ আশিকুজ্জামান, চেয়ারম্যান ,১নং জলমা, ইউ.পি।
৪. জনাব মনোরঞ্জন মন্ডল, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব আ : হাদি, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৭. জনাব ইসমাইল হোসেন মোল্যা বাবু, চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট, ইউ.পি।
৮. জনাব শাহা নেওয়াজ, প্যানেল চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব বিউটি মন্ডল, সংরক্ষিত উপজেলা পরিষদ সদস্য।
১১. জনাব ডা : অভিজিৎ মল্লিক, আরএমও, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়।
১২. জনাব বঙ্কিম হালদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
১৩. জানাব মনিরুল মামুন,সি:উপজেলা সৎস্য কর্মকর্তা
১৪. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৫. জনাব শিশির দাস, সহঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ।
১৬. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৭. জনাব রফিকুল ইসলাম, সহ :উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৮. জনাব জিএম আলমগীর হোসেন, উপজেলা শিক্ষা অফিসার।
**১৯. জনাব মোঃমাসুদুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী।**
২০. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
২১. জনাব হাসি রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২২. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২৩. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তা।
২৪. জনাব মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৫. জনাব হাসিবুর রহমান উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৬. জনাব নারায়ন চন্দ্র মন্ডল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

সভা নং- ৩২৪

উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ মাসের সভা কার্যবিবরণী
সভাপতিঃ মোঃ আশরাফুল আলম খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা। তারিখঃ ০৭/১২/২১খ্রিঃ বেলাঃ ১০.০০টায়
সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আশরাফুল আলম খান | চেয়ারম্যান উপঃ পরিঃ বটিঃ | | |
| ২ | " মোঃ মমিনুর রহমান | উপজেলা নির্বাহী অফিসার | | |
| ৩ | " নিতাই গাইন | উঃ ভাইস চেয়ারম্যান | | |
| ৪ | " চৈতালী মন্ডল | উঃ মহিলা ভাইস চেয়ারম্যান | | |
| ৫ | " শেখ মোঃ আশিকুজ্জামান | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | | |
| ৬ | " মনোরঞ্জন মন্ডল | চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউপি | | |
| ৭ | " মোঃ আসলাম হালদার | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | | |
| ৮ | " মোঃ আব্দুল হাদী সরদার | চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি | | |
| ৯ | " মোঃ ইসমাইল হোসেন (মোল্লা) | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | | |
| ১০ | " শেখ মোঃ আসাদুর রহমান | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | | (মোঃ মাহফিজুর রহমান) |
| ১১ | " বি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | | |
| ১২ | " বিউটি মন্ডল | উপজেলা পরিষদ সদস্য | | |
| ১৩ | " ডাঃ মোঃ মিজানুর রহমান | উঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | | ডা. অভিজিৎ মল্লিক |
| ১৪ | " সেলিনা খাতুন | উঃ পরিবার পরিঃ কর্মকর্তা | | |
| ১৫ | " রবিউল ইসলাম | উঃ কৃষি অফিসার | | |
| ১৬ | " মোঃ মনিরুল মামুন | সিনিঃ মৎস্য কর্মকর্তা | | এস, এম, আশরাফুল আলম সহঃ মৎস্য কর্মকর্তা |
| ১৭ | " ডাঃ বঙ্কিম কুমার হালদার | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| ১৮ | " এমদাদুল হক | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | |
| ১৯ | " অমিত সমাদ্দার | উঃ সমাজসেবা অফিসার | | |
| ২০ | " জিএম আলমগীর কবির | উঃ শিক্ষা অফিসার | | |
| ২১ | " হাসি রানী রায় | উঃ মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ২২ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উঃ প্রকৌঃ | | মোঃ মাসুদুর রহমান |
| ২৩ | " মোঃ হাবিবুর রহমান | উঃ সহঃ প্রকৌঃ (জনস্বাস্থ্য প্রকৌঃ) | | |
| ২৪ | " মোঃ মোস্তফা কামাল | উঃ সমবায় অফিসার | | |
| ২৫ | " মোঃ শফিউর রহমান | ফরেস্টার | | |
| ২৬ | " মোঃ রফিকুল ইসলাম | উঃ পল্লী উন্নয়ন অফিসার | | |
| ২৭ | " আমজাদ হোসেন [illegible] | উঃ [illegible] | | [illegible] |